

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং- এফএসওসিডি/কেনিক/ ১৪৫(৬)

তারিখঃ ২৪/০৮/১৪২৪ বঙ্গাব্দ
০৮/১২/২০১৭ খ্রিষ্টাব্দ

প্রতিঃ ব্যবস্থাপনা পরিচালক,
বিটিসিএল,
৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

বিষয়ঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের টেলিযোগাযোগ ব্যবস্থা অচল হওয়া প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে বিনয়ের সহিত জানানো যাচ্ছে যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন ☎ ০২-৯৫৫৫৫৫৫৫, ০২-৯৫৬৭৭৩৩, ০২-৯৫৫১৩০০, ০২-৯৫৫৬৬৬৬, ০২-৯৫৫৬৬৬৭ ও ঢাকার সকল ফায়ার স্টেশনের টেলিফোন ইনকামিং ও আউট গোল্ডিং ০৮/১২/১৭ খ্রিঃ তারিখ ভোর ৫:০০ ঘটিকা হতে বন্ধ থাকায় অগ্নিকাণ্ড/দুর্ঘটনার সংবাদ আদান-প্রদান করা সম্ভব হচ্ছে না। ফলে অধিদপ্তরের সকল অপারেশনাল কার্যক্রম ব্যাহত হচ্ছে। জরুরী ভিত্তিতে টেলিফোন ব্যবস্থা সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ঢাকার সকল থানাসহ বিভিন্ন ইলেকট্রনিক্স মিডিয়াকে জরুরী প্রয়োজনে কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের নিম্নলিখিত মোবাইল নাম্বার সমূহে যোগাযোগের জন্য অনুরোধ করা হয়েছে।

☎ ০১৭৩০-৩৩৬৬৯৯

☎ ০১৭১৩-০৩৮১৮২

বিতরণঃ

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃউঃপ্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
- ৪। সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।


ভারপ্রাপ্ত কর্মকর্তা
কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
অধিদপ্তর, ঢাকা।